

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(আইসিটি শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নং ০৫.৪৬.৯০০০.০৩১.০১.০০৪.১৮/ ৯ (১৬-৩)

তারিখ: ২১ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : টিআর, কাবিটা ও অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)'র তথ্যাদি ওয়েব পোর্টালে আপলোডকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশকে স্বর্নিভর ও মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে প্রতি অর্থ বছরে সরকার টিআর, কাবিটা ও অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) প্রকল্পগুলোতে বিপুল পরিমাণ অর্থ বরাদ্দ করে থাকে। প্রকল্পগুলোর অর্থ সঠিকভাবে ব্যয় হচ্ছে কিনা এবং প্রকৃত উপকারভোগীরা এর সুফল পাচ্ছে কিনা তার যথাযথ মনিটরিং প্রয়োজন। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ১০ টি অগ্রাধিকার কর্মসূচির একটি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ। এ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সকল উন্নয়ন কার্যক্রমের তথ্যাদি জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে আনা প্রয়োজন। কিন্তু তার উপজেলা ও ইউনিয়ন পোর্টাল যাচাইঅন্তে ২০১৬-০১৭ অর্থ বছর ও ২০১৭-১৮ অর্থ বছরের টিআর, কাবিটা ও অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কোন তথ্য পাওয়া যায়নি। যা সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের সাথে সংগতিপূর্ণ নয়।

০২। এমতাবস্থায়, আগামী ০৯/০১/২০১৮ খ্রি: তারিখের মধ্যে তার উপজেলার টিআর, কাবিটা ও অতি দরিদ্রদের মধ্যে কর্মসংস্থান কর্মসূচির ২০১৬-০১৭ অর্থ বছর ও ২০১৭-১৮ অর্থ বছরের তথ্যাদি তার উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোডপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ সাবিরুল ইসলাম)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
ফোন : ০৮৭১-৬২০০০
dcsunamganj@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

.....(সকল), সুনামগঞ্জ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে।

১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-

২। মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন (সুনামগঞ্জ-মৌলভীবাজার)।

৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

জ্ঞাতার্থে ও কার্যার্থে।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।

৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)....., সুনামগঞ্জ। (পত্রে উল্লেখিত সময়ের মধ্যে টিআর, কাবিটা ও অতি দরিদ্রদের মধ্যে কর্মসংস্থান কর্মসূচির তথ্যাদি ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)

৮। উদ্যোক্তা (সকল)..... ইউনিয়ন ডিজিটাল সেন্টার....., সুনামগঞ্জ। (এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সহযোগিতার জন্য)

৯। অফিস কপি।